

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়
চূড়ান্ত অনুমোদন
পেল বাংলাদেশ
ভবনের নকশা

নিজস্ব প্রতিবেদক, কলকাতা ১

শান্তিনিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ভবনের নকশার চূড়ান্ত অনুমোদন দেওয়ার কথা জানান ভারতের কেন্দ্রীয় উপাচার্য সুশান্ত দত্ত গুপ্ত। গতকাল শুক্রবার বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়টির উপাচার্যের হাতে বাংলাদেশ ভবনের নকশা দেন কলকাতায় নিযুক্ত বাংলাদেশের উপহাইকমিশনার জকি আহাদ। এ সময় উভয় পক্ষের সর্ধম্ভিষ্ট শীর্ষস্থানীয় কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই ভবনের জন্য জায়গা নির্ধারণ করেছে। সম্প্রতি ভারত সফরকালে শান্তিনিকেতনে বাংলাদেশ ভবনের জায়গা ঘুরে দেখেন বাংলাদেশের রাষ্ট্রপতি আবদুল হামিদ। এরপরই ভবন তৈরির প্রচলিত তরুর ইচ্ছা প্রকাশ করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। ভবনের নকশা তৈরি করা হয় ঢাকায়। সেখান থেকে নকশা পাঠানো হয় উপদূতাবাসে। বিশ্বভারতীর উপাচার্য সুশান্ত দত্তগুপ্ত জানান, বাংলাদে থেকে পাঠানো নকশাতেই বিশ্বভারতীতে বাংলাদেশ ভবনের নির্মাণকাজ শুরু হবে। উপহাইকমিশনার জকি আহাদও বলেন, কবি গুরু শিমাপ্রতিষ্ঠানে বাংলাদেশ যে তাদের একটি নিজস্ব ভবন তৈরির সুযোগ পেয়েছে, এ জন্য তিনি কৃতজ্ঞ।